**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**খাদ্য মন্ত্রণালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

নং-১৩.০০.০০০০.০৫৩.২০.০২৪.১৬-১৫৪ তারিখঃ ২২/০৬/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ **খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের ৩য় কোয়ার্টার এর বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | :- | মো: কায়কোবাদ হোসেন<br>ভারপ্রাপ্ত সচিব,<br>খাদ্য মন্ত্রণালয়। |
| সভার স্থান | :- | খাদ্য মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষ (কক্ষ নং-২৩০, ভবন-০৪)। |
| তারিখ ও সময় | :- | ১৩ ই জুন ২০১৭, বেলা ২.৩০ টায়। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা | :- | 'পরিশিষ্ট-ক' |
| আলোচ্য বিষয় | :- | খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের ৩য় কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন চুড়ান্তকরণ। |

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি তাঁর স্বাগত বক্তব্যে উল্লেখ করেন যে, প্রতি বছরের ন্যায় চলতি ২০১৬-১৭ অর্থবছরের শুরুতে খাদ্য মন্ত্রণালয়ের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং প্রতি কোয়ার্টার এর প্রাপ্তি ও ব্যয় বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ করা হচ্ছে। চলতি অর্থবছরের ৩য় কোয়ার্টার অর্থাৎ জানুয়ারী- মার্চ/২০১৭ সময়ের আয় ও ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের উদ্দেশ্যে আজকের BMC সভা আহবান করা হয়েছে। অত:পর তিনি উপ-সচিব (বাজেট ও হিসাব) কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য বলেন।

০২। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা, শাখা, পরিকল্পনা কোষ, খাদ্য অধিদফতর ও নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মন্ত্রণালয়ের ৩য় কোয়ার্টার এর কর ব্যতিত প্রাপ্তি ও ব্যয়ের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। তিনি জানান যে, বাজেট বাস্তবায়ন পরিকল্পনা মূল বাজেটের ভিত্তিতে করা হয়েছে তবে উপস্থাপিত প্রতিবেদনে সংশোধিত বাজেট দেখানো হয়েছে। অত:পর তিনি খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার ৩য় কোয়ার্টার এর অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০৩। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, চলতি ২০১৬-১৭ অর্থবছরের খাদ্য মন্ত্রণালয়ের কর ব্যতিত প্রাপ্তির লক্ষ্যমাত্রা মূল বাজেটে সর্বমোট বাজেট ১৯ কোটি ০৩ লক্ষ ০৫ হাজার টাকা। এর মধ্যে ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ৫ কোটি ০৬ লক্ষ ১৬ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। যার মধ্যে সচিবালয়ের লক্ষ্যমাত্রা ১ কোটি ২৫ লক্ষ টাকা এবং অধিদপ্তরের ৩ কোটি ৮১ লক্ষ ১৬ হাজার টাকা। ত্রৈমাসিক অগ্রগতি নিম্নরূপভাবে উপস্থাপন করা হয়:

<u>সারণী-১</u>

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট (২০১৬-১৭) | সংশোধিত বাজেট | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার) | প্রকৃত প্রাপ্তি (৩য় কোয়ার্টার) | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার পর্যন্ত) | মোট প্রাপ্তি (৩য় কোয়ার্টার পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সচিবালয় | ৪,২৪,৩৫ | ৩.০৪.৪৮ | ১,২৫.০০ | ৩৬,১৮ | ২.২৪,৩৫ | ১.৬৪.৬৫ |
| খাদ্য অধিদপ্তর | ১৪.৭৮.৭০ | ৩৩.২২.৯৫ | ৩.৮১.১৬ | ৭.৭৪.৯০ | ১০,০৮.৯৫ | ২৭.১০.৭৯ |
| সর্বমোট | ১৯,০৩,০৫ | ৩৬.২৭.৪৩ | ৫,০৬.১৬ | ৮,১১,০৮ | ১২,৩৩,৩০ | ২৮.৭৫.৪৪ |

প্রাপ্তি বাজেট আলোচনাকালে জানা যায় যে, সচিবালয়ের প্রাপ্তি লক্ষ্যমাত্রার চাইতে কম হয়েছে অপরদিকে অধিদপ্তরের আয় হয়েছে লক্ষ্যমাত্রার চাইতে অনেক বেশী। সভাপতির জিজ্ঞাসার জবাবে জানানো হয় যে, সচিবালয়ের প্রাপ্তির উল্লেখযোগ্য কোন খাত নেই। ঋণ অগ্রিমের সুদ পরিশোধ বাবদ অর্থ, যানবাহন ব্যবহারের ভাড়া, টেন্ডার ও দলিলপত্র ইত্যাদি খাতে কিছু প্রাপ্তি হয় যার পরিমাপ প্রতিবছর প্রায় একই রূপ থাকে। সচিবালয়ের প্রাপ্তি বৃদ্ধির কোন সুযোগ নেই। অধিদপ্তরের জরিমানা ও জামানত বাজেয়াপ্ত বাবদ প্রাপ্তি বেশী হওয়াতে মোট প্রাপ্তির পরিমাপ বেড়েছে বলে অধিদপ্তরের মহা পরিচালক উল্লেখ করেন। মন্ত্রণালয়ের সর্বমোট প্রাপ্তি ৩য় কোয়ার্টার পর্যন্ত লক্ষ্যমাত্রার চাইতে ১৩৩.১৫% বেশী হয়েছে বলে সভায় জানানো হয়। উপসচিব (বাজেট ও হিসাব) জানান যে, সংশোধিত বাজেটে প্রাপ্তির লক্ষ্যমাত্রা ৩৬ কোটি ২৭ লক্ষ ৪৩ হাজার টাকা নির্ধারন করা হয়েছে। ৩য় কোয়ার্টার পর্যন্ত আদায় হয়েছে মোট ২৮ কোটি ৭৫ লক্ষ ৪৪ হাজার টাকা। সভাপতি প্রাপ্তি লক্ষ্যমাত্রার তুলনায় বেশী হওয়াতে সন্তোষ প্রকাশ করেন।



(চলমান পাতা-২)

০৪। এরপর সচিবালয়ের অনুন্নয়ন ব্যয় বরাদ্দের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, চলতি অর্থ বছরের বাজেটে মন্ত্রণালয়ের অনুন্নয়ন খাতে সর্বমোট বরাদ্দ ১১,৬৫৭ কোটি ৫৬ লক্ষ ৯২ হাজার টাকা এর মধ্যে সচিবালয়ের অনুন্নয়ন ব্যয় বরাদ্দ ১১৯২ কোটি ৯১ লক্ষ ৯০ হাজার টাকা। সচিবালয়ের ৩য় কোয়ার্টারের ব্যয়ের লক্ষ্যমাত্রা ৪৯ কোটি ৮৩ লক্ষ ৭৭ হাজার টাকা, যার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়:

সারণী-২

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট বরাদ্দ (২০১৬-১৭) | সংশোধিত বাজেট | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার) | প্রকৃত ব্যয় (৩য় কোয়ার্টার) | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার পর্যন্ত) | মোট ব্যয় (৩য় কোয়ার্টার পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| অফিসারদের বেতন | ৩.৭৪.৪২ | ৩,৬২,০০ | ৯৩,১৪ | ৯৬,৮৯ | ২.৮১.২৮ | ২.৬৯.৫৯ |
| প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ৮৭.৮৪ | ৭২,০০ | ২২,২৮ | ১৯,৩৫ | ৬৫.৫৬ | ৫৭.০২ |
| ভাতাদি | ২.০০.০০ | ২,৪৫,৩১ | ২১,৩৫ | ৪২,৮০ | ১.৪১.১৫ | ১.৫৯.৬০ |
| সরবরাহ ও সেবা | ২.৩১.৭০ | ২,৫৯,১০ | ৪৫,২০ | ৪৪,৮৫ | ১.৮৮,৬৫ | ১.১৫.০০ |
| মেরামত ও সংরক্ষণ | ১৬.০৫ | ১২,৫০ | ২,৮০ | ১,০২ | ১৩.৭৫ | ১.৮৭ |
| পেনশন ও আনুতোষিক | ১৯১.৮৮.০০ | ৯,৫০,৯১ | ৪৭,৯৭,০০ | ৪০,৯৪,২৬ | ১৪৩.৯১.০০ | ১২০.৫১.২৩ |
| সম্পদ সংগ্রহ ও ক্রয় | ৮৭.০০ | ৯৫,০০ | ২,০০ | ৬,৪৪ | ৮৪.০০ | ৯.৪৩ |
| ঋণ ও অগ্রিম | ৯০.৪০ | ৫০,৩০ | ০ | ০ | ০ | ০ |
| ভর্তুকী | ১৭৯০.১৩,৪৯ | ২৬৮১,৭৬,৫২ | ০ | ০ | ০ | ০ |
| আন্তর্জাতিক সংস্থার চাঁদা | ৩,০০ | ২,৫৯ | | ০ | ৩.০০ | ২.৫৯ |
| সর্বমোট | ১৯৯২,৯১,৯০ | ২৬৯২,৭২,৭৩ | ৪৯.৮৩,৭৭ | ৪৩.০৫.৬১ | ১৫১.৬৮.৩৯ | ১২৬.৬৬.৩৩ |

সভাপতি কর্মকর্তা ও কর্মচারীদের বেতন খাতে লক্ষ্যমাত্রার চেয়ে ব্যয় ৪% কম হওয়ার কারণ জানতে চান। এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সকল খাতের অর্থ বরাদ্দ ও ব্যয় লক্ষ্যমাত্রা অনুযায়ী নিশ্চিত করার গুরুত্ব দেন। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং অনুযায়ী সম্ভাব্য ব্যয়ের ভিত্তিতে বাজেট প্রণয়ন করা হয় এবং কর্মকর্তাদের বদলী জনিত কারনে ও কর্মচারী কর্মরত কম থাকায় বেতন খাতে প্রকৃত ব্যয় কম হয়েছে। ক্রয়,সরবরাহ ও সেবা/মেরামত ও সংরক্ষণ খাতে লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয় না হওয়ার কারন হিসেবে সভায় জানানো হয় যে, গাড়ী ক্রয়ের বিলম্ব হওয়ায় এবং অডিট/সমীক্ষা কাজ সম্পন্ন করতে না পারায় বিল প্রস্তুতে বিলম্ব হওয়ায় উল্লেখিত খাতে লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন অর্থ ব্যয় হয়নি।

০৫। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেটে বরাদ্দকৃত অর্থের মধ্যে ৩য় কোয়াটার পর্যন্ত মোট ৫ কোটি ২৫ লক্ষ টাকা উত্তোলন করা হয়। জানুয়ারী-১৭ হতে মার্চ-১৭ মাসের ব্যয়ের বিবরণী নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়:

সারণী-৩

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট বরাদ্দ (২০১৬-১৭) | সংশোধিত বাজেট | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার) | প্রকৃত ব্যয় (৩য় কোয়ার্টার) | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার পর্যন্ত) | মোট ব্যয় (৩য় কোয়ার্টার পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| অফিসারদের বেতন | ১০.৫০.০০ | ১০,৫০,০০ | ২,৬২,৫০ | ২১,২৫ | ৭.৮৭.৫০ | ৬২,৬২ |
| ভাতাদি | | | | ৭,১৭ | | ৪৪,৩৯ |
| সরবরাহ ও সেবা | | | | ৯৪,৭৫ | | ২,৬৬,৮২ |
| ক্রয় খাত | | | | ১,৭২ | | ২.৮০ |
| মোট | ১০.৫০.০০ | ১০,৫০,০০ | ২,৬২,৫০ | ১,২৪,৮৯ | ৭.৮৭.৫০ | ৩,৭৬.৬৩ |

নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়্যারম্যান জানান, ৩১ শে মে ২০১৭ পর্যন্ত ৪,৮২,৫২.০৮২/- টাকা ব্যয় হয়েছে এবং বছরের অবশিষ্ট সময়ে আরও ৪.৪৩.৮৭,৬২০/- টাকা ছাড়ের প্রয়োজন। এ অবস্থায় অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ) নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বাজেটের সম্পূর্ন অর্থ এককালীন ছাড়ের বিষয়ে ব্যবস্থা নেয়া যায় কিনা জানতে চাইলে সিএও খাদ্য বলেন সংস্থা/প্রজেক্টের অর্থ কিস্তিতে ছাড়ের নিয়ম রয়েছে।



(চলমান পাতা-৩)

০৬। এরপর উপ-সচিব (বাজেট ও হিসাব) নিম্নোক্তভাবে খাদ্য অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক খাতে চলতি অর্থ বছরের ৩য় কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেনঃ-

সারণী-৪

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট বরাদ্দ (২০১৬-১৭) | সংশোধিত বাজেট | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার) | প্রকৃত ব্যয় (৩য় কোয়ার্টার) | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার পর্যন্ত) | মোট ব্যয় (৩য় কোয়ার্টার পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| খাদ্য অধিদপ্তর | ৭৮,৭৮,৩৩ | ৮৩,৫৭,৬১ | ২৪,৬৩,৮৫ | ১৫,৯৩,৩৪ | ৪৮,০৬,৪৯ | ৩৯,০৭,৭৭ |
| প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং | ৪,৭৮,৪২ | ৩,৯০,২২ | ১,০৮,৬০ | ৮৭,১৭ | ৩,৩২,০৮ | ২,৫৯,৪২ |
| সাইলোসমূহ | ৩৪,৪৪,৭১ | ৩০,৮৬,১৪ | ৭,২৮,৭৮ | ৫,২২,৯৮ | ২৪,১৪,১২ | ১৮,৩৯,৭২ |
| আঞ্চলিক কার্যালয় | ৬,৭১,১৫ | ৫,৩৪,৪৬ | ১,৫৩,৩৫ | ১,২২,৮০ | ৪,৬৬,০১ | ৩,৪৪,৬২ |
| জেলা কার্যালয় | ৮১,৭১,৯৪ | ৭৫,৫৭,১৬ | ১৮,১৯,২২ | ১৪,৯৯,২১ | ৫৬,৫৫,৭১ | ৪৬,৩৮,৫৪ |
| উপজেলা কার্যালয় | ২১৪,৪৮,৩২ | ২০০,০৬,২০ | ৪৭,৯১,৯০ | ৪১,৮৪,৫৬ | ১৪৭,৭১,১২ | ১২৭,১৭,১০ |
| সরকারি আটাকল | ৪,৯৮,৪০ | ৩,০০,৩৪ | ১,১৫,০৪ | ৬১,২৩ | ৩,৩৯,৫১ | ১,৭২,৬৩ |
| নিয়ন্ত্রণ, পরিবহন ও সংরক্ষণ | ২৩,০৬,৭০ | ২০,৯৫,৬৭ | ৫,০৯,১১ | ৪,৫৪,০২ | ১৫,৬৭,৯৫ | ১৩,২২,৩২ |
| সর্বমোট | ৪৪৮,৯৭,৯৭ | ৪২৩,২৭,৮০ | ১০৬,৮৯,৮৫ | ৮৫,২৫,৩১ | ৩০৩,৫২,৯৯ | ২৫২,০২,১২ |

খাদ্য অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, বকেয়া বেতন ও বিভিন্ন ধরনের বিল সময়মত দাখিল না হওয়ায় ব্যয় হ্রাস পেয়েছে।

০৭। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, চলতি অর্থ বছরে খাদ্য বাজেটে ব্যয় বরাদ্দ সর্বমোট ৯২০৫ কোটি ১৭ লক্ষ ০৫ হাজার টাকার মধ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনায় ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ৮৬৪ কোটি ৪০ লক্ষ টাকার বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১২৬১ কোটি ০১ লক্ষ ২০ হাজার টাকা। খাদ্য বাজেটের ৩য় কোয়ার্টার এর বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ ভাবে সভায় উপস্থাপিত হয়:

সারণী-৫

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট বরাদ্দ (২০১৬-১৭) | সংশোধিত বাজেট | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার) | প্রকৃত ব্যয় (৩য় কোয়ার্টার) | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার পর্যন্ত) | মোট ব্যয় (৩য় কোয়ার্টার পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| বৈদেশিক অনুদানে আমদানী | ৩১৫,৫২,৬০ | ২৯৪,৪০,০০ | ০ | ০ | ০ | ০ |
| নিজস্ব সম্পদ দ্বারা আমদানী | ১১০৬,০০,০০ | ৮০০,০০,০০ | ১৫০,০০,০০ | ২৬,২৫ | ১০০০,০০,০০ | ১৮৪,৩৩,৬৮ |
| অভ্যন্তরীন সংগ্রহ | ৬৮৯০,৫২,৫০ | ৬৬০৯,২৭,০০ | ৫০০,০০,০০ | ১০৮৮,৫৯,২৩ | ৫১২০,০০,০০ | ৪২১০,৭৪,৩৯ |
| পরিচালন ব্যয় | ৮৯৩,১১,৯৫ | ৯১০,২৫,৩৪ | ২১৪,৪০,০০ | ১৭২,১৫,৭২ | ৬৪৬,০০,০০ | ৪৬২,১৮,৬৬ |
| সর্বমোট সংগ্রহ ও বিতরণ | ৯২০৫,১৭,০৫ | ৮৬১৩,৯২,৩৪ | ৮৬৪,৪০,০০ | ১২৬১,০১,২০ | ৬৭৬৬,০০,০০ | ৪৬৭২,৯৩,০৫ |

খাদ্য বাজেটের ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা তুলনায় ব্যয় কম হওয়ার কারণ হিসেবে খাদ্য অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, খাদ্যশস্য (ধান, চাল ও গম) লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ না হওয়ায় ব্যয় কম হয়েছে।



(চলমান পাতা-৪)

০৮। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, চলতি অর্থ বছরে উন্নয়নখাতে মোট বরাদ্দ ৪৩৯ কোটি ৯২ লক্ষ টাকা। এর মধ্যে অনুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ ৫০০ কোটি টাকা ব্যতীত উন্নয়ন খাতে চলতি অর্থ বছরে মোট বরাদ্দ ৪৩৪ কোটি ৯২ লক্ষ টাকা। ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ১৪৯কোটি ৯৬ লক্ষ ৯৯ হাজার টাকা হতে প্রকৃত ব্যয় হয়েছে ৩৬ কোটি ৮৯ লক্ষ ৫৭ হাজার টাকা। উন্নয়ন ব্যয়ের ৩য় কোয়ার্টার এর প্রকল্প ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়:

সারণী-৬

(হাজার টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট বরাদ্দ (২০১৬-১৭) | সংশোধিত বাজেট | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার) | প্রকৃত ব্যয় (৩য় কোয়ার্টার) | লক্ষ্যমাত্রা (৩য় কোয়ার্টার পর্যন্ত) | মোট ব্যয় (৩য় কোয়ার্টার পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | সারাদেশে ১.০৫ লক্ষ মে.টন ধারণ ক্ষমতার নতুন খাদ্য গুদাম নির্মাণ | ১৭৮,৪২.০০ | ৮৫,৩৫,০০ | ৬৮,২৭,৪৫ | ৮,৭৩.২৮ | ১১৪,১৪.৫৫ | ৮.৭৫.৯২ |
| ২ | আধুনিক খাদ্য সংরক্ষনাগার প্রকল্প | ২২০.০০.০০ | ১২০,০০.০০ | ৬৩.২৮,০০ | ২২,২৬.৫৪ | ১৬৬,৯০,০০ | ৫৮.৭১.২৯ |
| ৩ | ইন্সটিটিউশনালাইজেশন অব ফুড সেফটি ইন বাংলাদেশ সেফার ফুড | ১১,৫০.০০ | ১০,৪৫,০০ | ৪,০২,৫০ | ১,৭৮,০৪ | ৮,৬৭,৫০ | ৫,৭৩.৯৯ |
| ৪ | কনস্ট্রাকশন অব মাল্টিষ্টোরড ওয়ার হাউজ সান্তাহার গ্রেইন সাইলো প্রিমিসেস, বগুড়া | ২৫,০০.০০ | ২২,৯০.০০ | ৯.৩৯.০৪ | ৪,১১.৭১ | ২১,৬৫.০৪ | ১১,৪১.৩৯ |
| ৫ | অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ | ৫,০০,০০ | ০ | ৫,০০,০০ | ০ | ৫.০০.০০ | ০ |
| | সর্বমোট | ৪৩৯.৯২,০০ | ২৩৮.৭০.০০ | ১৪৯.৯৬,৯৯ | ৩৬,৮৯,৫৭ | ৩১৬.৩৭.০৯ | ৮৪.৬২.৫৯ |

উন্নয়ন প্রকল্পগুলিতে লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয় না হওয়ার বিষয় আলোচনাকালে যুগ্ম-সচিব (বাজেট ও অডিট) উল্লেখ করেন যে, প্রয়োজনীয়তা ভিত্তিক প্রকল্প নেয়া উচিত এবং অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) উল্লেখ করেন যে, প্রশিক্ষিত জনবলের ভিত্তিতে ভবিষ্যতে খাদ্য গুদামের প্রকল্প গ্রহন করতে হবে। সচিব মহোদয় উন্নয়ন ব্যয় আশানুরুপ না হওয়ায় অসন্তোষ প্রকাশ করে দ্রুত কাজ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

০৯। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

০৯.১। সভায় উপস্থাপিত সারণী: ১-৬ পর্যন্ত খাদ্য মন্ত্রণালয়ের চলতি ২০১৬-১৭ অর্থ বছরের ৩য় কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনুমোদন করা হলো।

১০। পরিশেষে রোজার দিন হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
২০/০৬/২০১৭
(মো: কায়কোবাদ হোসেন)
ভারপ্রাপ্ত সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি,
খাদ্য মন্ত্রণালয়

নং-১৩.০০.০০০০.০৫৩.২০.০২৪.১৬-১৫৪ ৮৫ তারিখঃ ২২/০৬/২০১৭ খ্রিঃ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৫। চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা) ঢাকা।
৬। মহাপরিচালক, এফপিএমইউ, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৭। যুগ্ম সচিব (বাজেট ও অডিট), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। যুগ্ম সচিব (প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। যুগ্মসচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপসচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপসচিব (বাজেট ও হিসাব), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। পরিচালক (হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
১৩। পরিচালক (চসসা), খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
১৪। উপ প্রধান, পরিকল্পনা কমিশন, কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫। পরিচালক, বাস্তবায়ন, পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৬। উপ প্রধান (পরিকল্পনা কোষ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
১৮। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২/৬/১৭
(মো: ইউনুছ পাটওয়ারী)
বাজেট অফিসার